

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর ০২, ঢাকা ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.৭০০.১৬.০১১.২৩/১(২)

তারিখ: ২ মাঘ ১৪৩০
১৬ জানুয়ারি ২০২৪

বিষয়: “বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০২৩” এর আলোকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সহিত সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রেক্ষিতে ফায়ার এক্সটিংগুইশার স্থাপন ও প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০১৪.৯৯.০০৩.২২.২৬২, তারিখ: ২৬ ডিসেম্বর ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে “বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০২৩” প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)। পরবর্তীতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফায়ার এক্সটিংগুইশার স্থাপন ও প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাথে একটি সমঝোতা স্মারক বিগত ০১ জানুয়ারি ২০২৪ তারিখে স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত সমঝোতা স্মারকের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো:

- ১) বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) এ ফায়ার এক্সটিংগুইশার স্থাপনের বিষয়টি অন্তর্ভুক্তকরণ;
- ২) ১-৭ কক্ষ বিশিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০১ সেট (২টি) এবং ৭ এর অধিক কক্ষ বিশিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০২ সেট (৪টি) ফায়ার এক্সটিংগুইশার স্থাপন;
- ৩) ফায়ার এক্সটিংগুইশার স্থাপনের পর শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান;
- ৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ফায়ার এক্সটিংগুইশার স্থাপন ও প্রশিক্ষণের ক্ষেত্রে ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট এর সহযোগিতায় বাস্তবায়ন ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করবেন;
- ৫) ফায়ার এক্সটিংগুইশার স্থাপন ও প্রশিক্ষণের পর প্রাপ্তি স্বীকার ফর্মে স্বাক্ষর প্রদান;
- ৬) ১-৭ কক্ষবিশিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফায়ার এক্সটিংগুইশার স্থাপনের জন্য স্লিপ ফান্ড হতে সর্বোচ্চ ১৫,৫০০.০০ (ভ্যাট ট্যাক্সসহ) টাকা এবং ৭ এর অধিক কক্ষবিশিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফায়ার এক্সটিংগুইশার স্থাপনের জন্য স্লিপ ফান্ড হতে সর্বোচ্চ ২৫,৫০০.০০ (ভ্যাট ট্যাক্সসহ) টাকা পরিশোধ করতে হবে;
- ৭) বিল প্রদানের ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের সহায়তায় বিদ্যালয় হতে প্রদত্ত হিসাব (একাউন্টের নাম- প্রাথমিক বিদ্যালয়-ফায়ার এক্সটিংগুইশার, অগ্রণী ব্যাংক, আগামাসি লেন শাখা, ঢাকা, হিসাব নম্বর: ০২০০০২১৪৮৪১৬৯) বরাবর জমা প্রদান করতে হবে;
- ৮) ফায়ার এক্সটিংগুইশার এর ওয়ারেন্টি পিরিয়ড এক বছর থাকবে;

- ৯) ওয়ারেন্টি পিরিয়ড শেষ হবার পর প্রতি বছর ফায়ার এক্সটিংগুইশার রিফিলিং করতে হবে এবং রিফিলিং বাবদ প্রতিটি ফায়ার এক্সটিংগুইশার বাবদ ১,১০০.০০ (ভ্যাট ট্যাক্সসহ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে প্রদান করতে হবে;
- ১০) প্রতি ০৩ (তিন) মাস অন্তর এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগে প্রেরণ করতে হবে।

২। বর্ণিতাবস্থায়, “বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০২৩” এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাথে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আলোকে উল্লিখিত কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বিভাগ (সকল)
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)
৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার,(সকল)

শাহ রেজওয়ান হায়াত
মহাপরিচালক (গ্রেড-১)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

অনুলিপি:

- ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৪। অফিস কপি।